

১৩

১৩

NOV. 23 2007

## নকল ও সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠায় স্কাউটিং বিরাট ভূমিকা পালন করছে

শিক্ষা প্রতিমন্ত্রী

শিক্ষা প্রতিমন্ত্রী আনাম এহছানুল হক মিলন বলেছেন, দেশের সামগ্রিক আর্থ-সামাজিক প্রেক্ষাপটে নকলমুক্ত ও সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠায় স্কাউটিং আন্দোলন বিরাট ভূমিকা পালন করে যাচ্ছে। সে জন্য শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ স্কাউটস দেশের সব সরকারি-বেসরকারি কলেজ, ইন্সটিটিউট, মাদ্রাসা এবং বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের সমাজের সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউটিং কার্যক্রমের সুপরিকল্পিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে।

মন্ত্রী শুক্রবার বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোডার আয়োজিত দক্ষতা অর্জন প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান, সনদপত্র বিতরণ ও ইফতার মাহফিল উপলক্ষে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় মিলনায়তনে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

ঢাকার জেলা প্রশাসক ব্যারিস্টার মুহাম্মদ হায়দার আলীর সভাপতিত্বে সনদপত্র বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ স্কাউটসের প্রধান জাতীয় কমিশনার স্বাস্থ্য ও পরিবারকল্যাণ সচিব মুহাম্মদ ফজলুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আবদুল মমিন চৌধুরী ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এএম ফারুক। তথ্য বিবরণী।